

# স্মৃতিকথায় তথাগতানন্দ

# স্মৃতিকথায় তথাগতানন্দ

# স্মৃতিকথায় তথাগতানন্দ

**(সংকলন)**

**রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির**

(কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক স্বশাসিত কলেজ)

বেলুড় মঠ, হাওড়া – ৭১১ ২০২

প্রকাশক : স্বামী একচিত্তানন্দ
অধ্যক্ষ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির
বেলুড় মঠ, হাওড়া – ৭১১ ২০২

সম্পাদনা সহায়তা : স্বামী পরদেবতানন্দ

প্রকাশকাল : অক্ষয় তৃতীয়া, ১৪২৮
১৫ই মে, ২০২১

ISBN : 978-81-951186-2-5

প্রচ্ছদপট : ডঃ তাপস সাহা

চিত্রসজ্জা : আকাশ রঞ্জন রায়

অক্ষরবিন্যাস : হিমাদ্রি শেখর চক্রবর্ত্তী
নীলাদ্রি শেখর চক্রবর্ত্তী

মুদ্রণ : সৌমেন ট্রেডার্স সিণ্ডিকেট
বালি, হাওড়া-৭১১ ২০১

মূল্য : ১০০ টাকা

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত









# সূচীপত্র

• প্রকাশকের নিবেদন •

শুভেচ্ছা-বাণী • স্বামী স্মরণানন্দ • ১

## সংক্ষিপ্ত জীবনী

স্বামী তথাগতানন্দ মহারাজ • জয়নারায়ণ ভট্টাচার্য, ভাস্কর কুমার কয়ড়ী • ৩

## সন্ন্যাসীদের দৃষ্টিতে

লক্ষ্মী মহারাজের কথা • স্বামী বাগীশানন্দ • ১৯

Reminiscences of Swami Tathagatananda • Swami Gautamananda • ২০

স্বামী তথাগতানন্দ • স্বামী জ্যোতিরূপানন্দ • ২৬

লক্ষ্মী'দার সজীব স্মৃতিতে • স্বামী শিবময়ানন্দ • ২৮

স্বামী তথাগতানন্দ মহারাজের স্মৃতি • স্বামী সুহিতানন্দ • ৩৩

দাতার আসনে আসীন এক প্রেমিক সাধু • স্বামী নির্লিপ্তানন্দ • ৩৬

Reminiscences of Tathagatanandaji Maharaj • Swami Amarananda • ৩৯

তথাগতানন্দজী সম্পর্কে ব্যক্তিগত দু-চার কথা • স্বামী বিশ্বনাথানন্দ • ৫১

পুণ্যস্মৃতি • স্বামী দিব্যানন্দ • ৫৬

স্বামী তথাগতানন্দজী স্মরণে • স্বামী বিমলাত্মানন্দ • ৬২

স্মৃতিতর্পণ • স্বামী মেধসানন্দ • ৭২

স্মৃতির আলোয় স্বামী তথাগতানন্দ • স্বামী সহদেবানন্দ • ৮৫

চাই মানুষ গড়ার ধর্ম • স্বামী সুপর্ণানন্দ • ৯৯

কত বড়! কিন্তু ভিতরে এক সরল শিশু • স্বামী অনঘানন্দ • ১০৭

Swami Tathagatananda – a few memories • Swami Kripamayananda • ১১১

স্বামী তথাগতানন্দজীকে যেমন দেখেছি • স্বামী পরিতুষ্টানন্দ • ১১৬

শ্রদ্ধেয় স্বামী তথাগতানন্দের স্মৃতি • স্বামী ত্যাগরূপানন্দ • ১২৩

আগতদিনের তথাগতানন্দ • স্বামী শিবপ্রদানন্দ • ১৩০

প্রণত স্মরণ • স্বামী শাস্ত্রজ্ঞানন্দ • ১৩৪

অর্ঘ্য • স্বামী জ্ঞানামৃতানন্দ • ১৪২

Swami Tathagatananda • Brahmachari Shanta Chaitanya • ১৫৭

## প্রাক্তনীদের নিবেদনে

শিক্ষাগুরুকে নিবেদন • কল্যাণ বসু • ১৫৯

আমাদের তথাগতানন্দজী মহারাজ • জ্যোতিরিন্দ্রনাথ রায় • ১৬৫

স্বামী তথাগতানন্দ • ধীমান গঙ্গোপাধ্যায় • ১৭৪

ব্যতিক্রমী সন্ন্যাসী আমাদের লক্ষ্মীনারায়ণ মহারাজ • বিশ্বনাথ দাস • ১৮০

স্বামী তথাগতানন্দ – এক কিশোরের চোখে • সঞ্জয় ব্যানার্জী • ১৯৩

হে মহাজীবন – করিনু স্মরণ • স্বপন কুমার চক্রবর্তী • ১৯৭

Remembering our Warden Swami • B. Venkoba Rao • ২১১

• G. Venkatesan • ২১১

• J.S. Sethuraman • ২১৩

• Kalyanam Iyer • ২১৩

My life before and after meeting the Swami • N. Gopala Swami • ২১৫

Down the memory lane • N. Lakshminarayanan • ২২০

• Narayanswami Swaminathan • ২২১

How I am grateful to Maharaj • Pattabiraman Narayanan • ২২৩

My association with Maharaj • R. Ramanathan • ২২৫

My blessed memories of Maharaj • R. Ramudarai • ২২৮

Our days with Tathagatanandaji • R. Badrinarayanan • ২৩৬

• R. Ramani • ২৩৭

• S. Subramanian • ২৪০

• S. Vishwanathan • ২৪২

The inspiration that was Tathagatananda • T.K. Subramanian • ২৪৪

• V. Arthanari • ২৪৭

• V. Ramalingam • ২৪৮

My memories of a mystic monk • V. Sambasivan • ২৫০

Noble memories of Maharaj • Ved Narayanan • ২৫৩

## ভক্ত-অনুরাগীদের অনুভবে


তথাগতানন্দজী মহারাজ স্মরণে • অপর্ণা ভট্টাচার্য • ২৫৭

আমাদের সংসারের মা ছিলেন তিনি • অরবিন্দ ভট্টাচার্য • ২৬১

স্বামী তথাগতানন্দ মহারাজকে যেমন দেখেছি • অলোক সরকার • ২৭১

আমার ঈশ্বরস্বরূপ জেঠু মহারাজ • গৌরী ব্যানার্জী • ২৮২

মহারাজ • দীনবন্ধু বারিক • ২৮৫

শ্রদ্ধার্ঘ্য • পুষ্পিতা ভট্টাচার্য • ২৮৯

আমার দেখা মহারাজজী • মায়া রায় • ২৯২

আমার পথপ্রদর্শক • শঙ্কর প্রসাদ ভট্টাচার্য • ২৯৭

স্বামী তথাগতানন্দজী – আমার অভিজ্ঞতায় • শুভাশিস ভট্টাচার্য • ৩০৩

আমার দৃষ্টিতে তথাগতানন্দ • সঞ্জিত কুমার রায় • ৩০৯

দেবমানবের ভালবাসায় অকৃপণ করুণা • সমীর কুমার ব্যানার্জী • ৩১১

আমার জীবনপথের দিশারী তিনি • সুভাষচন্দ্র মুখোপাধ্যায় • ৩১৪

স্বামী তথাগতানন্দ : শ্রদ্ধাঞ্জলী • স্বপন কুমার চক্রবর্তী • ৩১৮

আমাদের গুরুদেবের স্মৃতি • সুমন্ত কয়াল, তানিয়া কয়াল • ৩২৭

Reminiscences of Maharaj • Buddhadev Guha • ৩৩৩

As I saw Him • Kakoli Sanyal • ৩৪০


----------

# প্রকাশকের নিবেদন

বুদ্ধ – 'তথাগত'-কে আমরা চর্মচক্ষে দেখিনি কেউ।

কখনও বা মনে প্রশ্ন জেগেছে — যদি তিনি থাকতেন আমাদের মাঝে, তাঁকে চিনতে পেতাম কেমন করে?

উত্তর পেয়েছি নিজের মতো — তাঁর অলোকসামান্য ত্যাগে, অনুপম হৃদয়বত্তায়, সীমাহীন বিচারশীলতায়।

সূর্যকে তো চিনিয়ে দিতে হয় না কাউকে!

আমরা কিন্তু দেখেছি তথাগতানন্দজীকে।

শুনেছি প্রবচনের মাঝখানে তাঁর টেবিলঝোড়ো ভীমগর্জন : "In spite of all these wrongdoings, God there is."

বেলুড়মঠে একান্ত বিচরণের বেলায় শুনেছি 'দুবলা' ব্রহ্মচারীর উদ্দেশ্যে তাঁর প্রাণস্পর্শী সম্ভাষণবাণী : "Why are you so weak, brother?... No, no, take care of your health, don't neglect!"

দ্বিপ্রাহরিক প্রসাদধারণের প্রাক্কালে 'ডাইনিং হলে' প্রবেশমুহূর্তে দেখেছি সমবেত সাধুসংঘের পায়ে তাঁর সন্নত প্রণতি নিবেদন।

মজা করে আমরা বলতাম — তিনি 'তথা হইতে আগত'। 'তথা' মানে 'মার্কিন মুলুক'।

গুণীজনেরা — যাঁরা তাঁর কাছে আসার সুযোগ পেয়েছিলেন — তাঁরা 'তথা' শব্দের তর্জমা করতেন — মনের 'অন্য মুলুক'।

সে 'মুলুকের' অজানা, অপ্রকাশিত কিছু স্মৃতিচিত্র পরিবেশনের উদ্দেশ্যে বর্তমান সঞ্চয়নগ্রন্থের প্রস্তাবনা। পরমপূজনীয় সংঘাধ্যক্ষ মহারাজ শ্রীমৎ স্বামী

স্মরণানন্দজীর শুভেচ্ছাবাণী ও আশীর্বাদ একাজে আমাদের দিয়েছে প্রেরণা, জুগিয়েছে পথ চলার শক্তি।

পূজনীয় তথাগতানন্দ মহারাজের সংঘজীবনের প্রারম্ভিক পর্বে দীর্ঘ প্রায় এক দশক সময় অতিবাহিত হয়েছে বিদ্যামন্দিরে। গ্রন্থ প্রকাশনার প্রাথমিক উদ্যোগটি তাই বিদ্যামন্দির-প্রক্তনী, সুহৃদদেরই। স্মৃতিচারণ সংকলনের কাজে পুরোভাগে নেতৃত্ব দিয়েছেন শ্রী অরবিন্দ ভট্টাচার্য, শ্রী ভাস্কর কুমার কয়ড়ী ও অধ্যাপক বিশ্বনাথ দাস। পরবর্তী ক্ষেত্রে গ্রন্থ সম্পাদনার কাজে অগ্রণী ভূমিকা পালন করেছেন স্বামী পরদেবতানন্দ (সঞ্জয়) মহারাজ। তাঁকে বিভিন্নভাবে সহযোগিতা করেছেন — ব্রঃ সুবোধচৈতন্য, ব্রঃ ঈশাত্মচৈতন্য, ব্রঃ মৃন্ময়, শ্রী সুব্রত ভট্টাচার্য, শ্রী আকাশ রঞ্জন রায়, শ্রী রণদীপ পাড়ুই ও শ্রী অভীক সরকার। প্রচ্ছদ পরিকল্পনা ও অঙ্কনের কাজে স্বতঃস্ফূর্তভাবে সেবাদান করেছেন বিদ্যামন্দির-প্রাক্তনী অধ্যাপক তাপস সাহা। 'টাইপিং'-এর গুরুভার কাজটি করে দিয়েছেন বিদ্যামন্দিরের শিক্ষাকর্মী শ্রী নীলাদ্রি শেখর চক্রবর্তী। সহকারী হিসেবে তিনি পেয়েছেন তাঁরই অগ্রজ শ্রী হিমাদ্রি শেখর চক্রবর্তীকে। প্রুফ সংশোধনের কাজে আমাদের সঙ্গ দিয়েছেন বিদ্যামন্দিরের অন্যতম প্রাক্তনী অধ্যাপক অভিষেক মণ্ডল।

সংঘের ২১ জন বর্ষীয়ান সন্ন্যাসী, ২৫ জন রামকৃষ্ণ মিশন প্রাক্তনী ও ১৬ জন ভক্ত-অনুরাগীর — সর্বমোট ৬২টি স্মৃতিচারণায় পরিপুষ্ট হয়েছে এই সংকলন গ্রন্থ। সকলকে বিদ্যামন্দির পরিবারের তরফে যথাযোগ্য স্থানে প্রণাম ও নমস্কার জানাই।

প্রসঙ্গত উল্লেখ্য, শ্রী অরবিন্দ ভট্টাচার্য, শ্রী অলোক সরকার ও শ্রী সুভাষচন্দ্র মুখোপাধ্যায় রামকৃষ্ণ মিশন প্রাক্তনী হলেও তাঁদের স্মৃতিকথার বিষয়বস্তুর নিরিখে তাঁদের লেখা ভক্ত-অনুরাগীদের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।

স্মৃতি-লেখকদের নামের বর্ণানুক্রমে লেখাগুলো সাজানো হয়েছে। কেবল সন্ন্যাসীদের ক্ষেত্রে তা সন্ন্যাসবর্ষের অনুক্রমে উপস্থাপিত। সন্ন্যাস-বর্ষ এক হলে নামের বর্ণানুক্রম অনুসরণ করা হয়েছে।

বিশেষভাবে স্মরণ করি রামকৃষ্ণলোকগত পূজনীয় বাগীশানন্দজী ও নির্লিপ্তানন্দজীর নাম। শারীরিক অসুস্থতা নিয়েও তাঁরা রচনা করে দিয়েছিলেন স্মৃতিনৈবেদ্য। আজ পূর্ণাহুতির পুণ্যলগ্নে মহারাজদের আভূমি প্রণতি জানাই।

স্মৃতিচারণা ও চিত্র সংকলনের কাজে বিশেষভাবে সাহায্য করেছেন পূজনীয় স্বামী সত্যজ্ঞানানন্দজী, শ্রী অরবিন্দ ভট্টাচার্য ও শ্রী ভাস্কর কুমার কয়ড়ী।

একটি তামিল লেখার ইংরাজি অনুবাদ করে দিয়ে বিশেষ কৃতজ্ঞতাভাজন হয়েছেন চেন্নাই রামকৃষ্ণ মঠের বর্ষীয়ান স্বেচ্ছাসেবক রঘুনন্দনজী।

স্মৃতিগ্রন্থে আমাদের সকলের একটি সাধারণ পরিচয় রয়েছে। স্মৃতিসায়রে ‘বিন্দুসত্তার’ বিলয়ে অর্জন করা যায় ‘সিন্ধুসত্তার’ অধিকার। তাই কোনো স্মৃতি-লেখক বা স্মৃতিচারণকর্তারই পৃথক পরিচয় সংযোজিত হল না।

নৈপুণ্যের সঙ্গে মুদ্রণসেবায় অংশগ্রহণ করেছেন সৌমেন ট্রেডার্স সিণ্ডিকেট। তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাই।

পূজ্যপাদ তথাগতানন্দজীর স্মৃতিতর্পণের এই প্রয়াস আসলে বিদ্যামন্দিরের বর্তমান প্রজন্মের ‘ঋষিঋণ’ স্বীকারের এক ক্ষুদ্র আয়োজন। মহারাজের সরল, অনাড়ম্বর, রামকৃষ্ণময় জীবনের স্মৃতিসৌরভে যদি সুরভিত হয় উত্তরসাধকের জীবন-অঙ্গন, তবেই কৃতকৃতার্থ হবেন এই সেবাপূজার পূজারীরা।

।। ওঁ শ্রীরামকৃষ্ণার্পণমস্তু।।

১৫ই মে ২০২১ (অক্ষয় তৃতীয়া) — স্বামী একচিত্তানন্দ

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির — অধ্যক্ষ